

জুন / ২০২১ মাসের ইনোভেশন টিমের সভা কার্যবিবরণী

সভাপতি	মোঃ তৌফিকুল আরিফ অতিরিক্ত সচিব
সভার তারিখ	০৬/০৬/২০২১ খ্রি.
সভার সময়	সকাল ১১.৩০ ঘটিকা
স্থান	অনলাইন (জুম প্ল্যাটফর্ম)
উপস্থিতি	পরিশিষ্ট “ক”

সভাপতি সভায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি জানান যে, উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ প্রণয়নের পর বর্তমান অর্থবছর শেষ পর্যায়ে। কিন্তু অনেক দপ্তর/সংস্থার কর্তৃক সম্পাদিত ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম কর্মপরিকল্পনা ২০২০-২১ মোতাবেক সম্পাদিত হয়নি। সভাপতি, মন্ত্রণালয় এবং দপ্তর/সংস্থার ইনোভেশন টিমের সভার কার্যপত্র অনুযায়ী এ মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্টকে উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

**উদ্ভাবনী কার্যক্রম সংক্রান্ত আলোচনা:**

মন্ত্রণালয়ের সিস্টেম এনালিস্ট উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী মন্ত্রণালয়ের অগ্রগতি উপস্থাপন করেন। তিনি জানান যে, ইনোভেশন কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী কার্যক্রম যথাযথভাবে এবং যথাযথসময়ে সম্পাদিত করা হচ্ছে। আওতাধীন দপ্তর/সংস্থার অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন ইতিমধ্যে মূল্যায়ন করা হয়েছে এবং জুলাই-২০২০ হতে মে-২০২১ পর্যন্ত দপ্তর/সংস্থার স্ব-মূল্যায়ন প্রতিবেদন গত ০৫ জুন, ২০২১ এবং ০৬ জুন, ২০২১ মূল্যায়ন করা হয়েছে। নিম্নে বর্ণিত আওতাধীন দপ্তর / সংস্থার উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২০২১-এর অর্ধ-বার্ষিক স্ব-মূল্যায়ন এবং জুলাই-২০২০ হতে মে-২০২১ পর্যন্ত তাঁদের স্ব-মূল্যায়নের ক্ষোর দেখা হয়ঃ

**দপ্তর / সংস্থা ভিত্তিক উদ্ভাবনী কর্মপরিকল্পনা, ২০২০-২১-এর বাস্তবায়ন অগ্রগতি তুলনা**

ক্রমিক	দপ্তর / সংস্থার নাম	জুলাই-ডিসেম্বর, ২০২০	জুলাই-২০২০ হতে মে-২০২১
১	মৎস্য অধিদপ্তর	৪৬.৮	৯৭.৭০
২	প্রাণিসম্পদ অধিদপ্তর	৫৩.১০	৮২.০০
৩	বাংলাদেশ মৎস্য গবেষণা ইন্সটিটিউট	৪৭	৮৯.০০
৪	বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইন্সটিটিউট	৩৭.৩১	৬৪.৯০
৫	বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন	৪৩.৪	৭০.৬০

৬	বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল	৫১.৮	৭৪.০০
৭	মেরিন ফিশারিজ একাডেমী	২৮	৩৭.৬


আওতাধীন দপ্তর/সংস্থার অনেক কার্যক্রম অসম্পন্ন রয়েছে এবং এই অর্থবছরে যতটুকু সম্ভব সম্পন্ন করা জন্য সংশ্লিষ্ট সকলকে সভায় অবহিত করা হয়েছে। আওতাধীন দপ্তর/সংস্থার বার্ষিক স্ব-মূল্যায়ন প্রতিবেদন আগামী ৩০-০৬-২০২১ তারিখের মধ্যে মন্ত্রণালয়ে প্রেরণের বিষয়ে আলোচনা হয়।

এছাড়া, ইনোভেশন শোকেসিং, ২০২১-এ বাছাইকৃত শ্রেষ্ঠ উদ্ভাবকগণকে সম্মাননা ও পুরস্কার বিতরণ-এর বিষয় সভায় বিস্তারিত আলোচনা হয়। মন্ত্রণালয়ের সহজিকৃত সেবাটি দ্রুত মুদ্রনের বিষয়ে সভায় আলোচনা হয়।

**সভার বিস্তারিত আলোচনান্তে সকলের সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়:**

- ১। উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১-এর যে সকল কার্যক্রম জুন-২০২১ তারিখের মধ্যে সম্পন্ন করা যায় তার পদক্ষেপ গ্রহণ করে আওতাধীন দপ্তর/সংস্থার তাঁদের অগ্রগতির মোট স্কোর বাড়ানোর ব্যবস্থা গ্রহণ করবে।
- ২। শ্রেষ্ঠ উদ্ভাবকগণকে ক্রেস্টসহ সার্টিফিকেট এবং শোকেসিং-এ অংশগ্রহণকারী অন্যান্যদের উদ্ভাবকগণকে সার্টিফিকেট প্রদানের জন্য দ্রুত ক্রেস্ট এবং সার্টিফিকেট প্রস্তুত করতে হবে।
- ৩। মন্ত্রণালয়ের সেবা সহজিকরণের প্রকাশনা দ্রুত মুদ্রণ করতে হবে।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভা ও নলেজ শেয়ারিং প্রোগ্রামের সমাপ্তি ঘোষণা করেন।



মোঃ তৌফিকুল আরিফ  
অতিরিক্ত সচিব

স্মারক নম্বর: ৩৩.০০.০০০০.১৫২.২০.০১১.১৮.১১৪

তারিখ: ২৭ জ্যৈষ্ঠ ১৪২৮  
১০ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) চেয়ারম্যান, বাংলাদেশ মৎস্য উন্নয়ন কর্পোরেশন
- ২) মহাপরিচালক, প্রাণিসম্পদ অধিদপ্তর
- ৩) মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মৎস্য অধিদপ্তর
- ৪) মহাপরিচালক, মহাপরিচালক-এর দপ্তর, বাংলাদেশ প্রাণিসম্পদ গবেষণা ইনস্টিটিউট
- ৫) মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউট
- ৬) উপপরিচালক, মৎস্য ও প্রাণিসম্পদ তথ্য দপ্তর
- ৭) অধ্যক্ষ, মেরিন ফিশারিজ একাডেমি
- ৮) উপসচিব, প্রশাসন-৩ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়
- ৯) উপসচিব, মৎস্য-১ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়

- ১০) উপসচিব, প্রাণিসম্পদ পরিকল্পনা-২ শাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
১১) উপসচিব, প্রাণিসম্পদ-২ অধিশাখা, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
১২) রেজিষ্ট্রার, , বাংলাদেশ ভেটেরিনারি কাউন্সিল, ৪৮, কাজী আলাউদ্দিন রোড, ঢাকা-১০০০।  
১৩) সচিবের একান্ত সচিব , সচিবের দপ্তর, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়  
১৪) প্রোগ্রামার, আইসিটি সেল, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়



মোঃ ইলিয়াস হোসেন  
সিস্টেম এনালিস্ট